

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৫

পর্ব-১: ঈমান (বিশ্বাস) (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

الفصيل الاول

আরবী

وَعَن سُفْيَان بن عبد الله التَّقَفِيّ قَالَ: قُلْتُ: يَا رَسُولَ اللَّهِ قُلْ لِي فِي الْإِسْلَامِ قَوْلًا لَا أَسْأَلُ عَنْهُ أَحَدًا بَعْدَكَ وَفِي رِوَايَةٍ: غَيْرَكَ قَالَ: قُلْ: آمَنْتُ بِاللَّه ثمَّ اسْتَقِم. رَوَاهُ مُسلم

বাংলা

১৫-[১৪] সুফ্ইয়ান ইবনু 'আবদুল্লাহ আস্ সাক্বাফী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি আরয করলাম, হে আল্লাহর রসূল! আপনি আমাকে ইসলামের এমন একটি চূড়ান্ত কথা বলে দিন, যে সম্পর্কে 'আপনার পরে'; অপর এক বর্ণনায় আছে, 'আপনি ছাড়া' আমাকে আর কারো কাছে জিজ্ঞেস করতে না হয়। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, 'আমি আল্লাহর ওপর ঈমান এনেছি'- তুমি এ কথা বল এবং এ ঘোষণায় দৃঢ় থাক। (মুসলিম)[1]

English

Chapter - Section 1

Sufyan b. 'Abdallah ath-Thaqafi reported that he said, "Messenger of God, say something about Islam concerning which I shall need to ask no one after you are gone." (A version has "anyone else".) He said, "Say, 'I believe in God', then keep to the straight path."

Muslim transmitted it.

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ৩৮, আহমাদ ১৫৪১৬, সহীহ ইবনু হিব্বান ১৪৪১৬, শু'আবুল ঈমান ৪৯২২।

ব্যাখ্যা



ব্যাখ্যা: এ হাদীসের বর্ণনাকারী সুফ্ইয়ান ইবনু 'আবদুল্লাহ (রাঃ) রসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-কে এমন একটি পূর্ণাঙ্গ বাক্য শিক্ষা দিতে বললেন যাতে ইসলামের সকল বিষয়কে সম্পৃক্ত করে। পরবর্তীতে অন্য কারো নিকট জিজ্ঞেস করার প্রয়োজন না হয়। রসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম জবাবে তাকে বললেন, তুমি বলোঃ ''আমি আল্লাহর প্রতি ঈমান আনলাম''। অর্থাৎ- আল্লাহর কথা অন্তরে স্মরণ করে, তা উচ্চারণ ও সে অনুযায়ী কর্মের মাধ্যমে তোমার ঈমানকে নবায়ন করে নাও। এর দ্বারা নাবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম পূর্ণাঙ্গ তাওহীদ উদ্দেশ নিয়েছেন যার ধারক জাহান্নামের জন্য হারাম।

"অতঃপর এর উপর প্রতিষ্ঠিত থাক" اَسْتَقِامَةٌ। অর্থ সরল পথে চলা। আর তা হচ্ছে মজবুত দীন। যার মধ্যে ডান ও বামের কোন বক্রতা নেই। আর তা প্রকাশ্য ও অপ্রকাশ্য সকল কাজে আনুগত্য প্রকাশ এবং সকল প্রকার নিষিদ্ধ কাজ হতে বিরত থাকা শামিল করে।

এ হাদীসটি আল্লাহ তা'আলার বাণীঃ ''যারা বলে আল্লাহ আমাদের রব, অতঃপর তার ওপর প্রতিষ্ঠিত থাকে'' এর সমার্থক।

হাদীসের শিক্ষাঃ

- (১) আদিষ্ট কাজের আনুগত্য করা ওয়াজিব।
- (২) গুনাহের কাজ হতে বিরত থাকা অবশ্য কর্তব্য।
- (৩) এ হাদীসটি মুরজিয়াদের 'আকীদাহ্ প্রত্যাখ্যান করে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন